



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/11/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল রেল নিরাপত্তা উন্নত করতে ব্যবস্থা গ্রহণের জন্য ফেডারেল সরকার ও ফ্রেইট রেল শিল্পখাতের প্রতি নতুন করে আহ্বান করলেন

পদক্ষেপ বিদ্যমান নিয়ন্ত্রণকারী বাস্তবায়নকে ত্বরান্বিত করবে এবং স্বচ্ছতা বৃদ্ধি করবে

গত সপ্তাহের মন্টগোমারি কাউন্টির লাইনচ্যুতির ঘটনার পরবর্তীতে, গভর্নর ক্যাথি হোকল আজকে আরেকবার কংগ্রেস, ফেডারেল নিয়ন্ত্রক এবং ফ্রেইট রেল শিল্পখাতকে ফ্রাইট রেল দুর্ঘটনা প্রতিরোধ করতে অতিরিক্ত সক্রিয় পদক্ষেপ গ্রহণ করার জন্য তাগিদ প্রদান করলেন। [ফেব্রুয়ারিতে প্রথম গভর্নর](#) এই ব্যবস্থাগুলির রূপরেখা প্রদান করেন যা আরো নিরাপদ একটি ফ্রেইট রেল পরিবহন শিল্পখাত তৈরিতে সাহায্য করবে, এবং একইসাথে উন্নত ফেডারেল তত্ত্বাবধানের মাধ্যমে স্টেটের জরুরি সাড়াদান সক্ষমতা বৃদ্ধি করবে।

"নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা আমার এক নম্বর অগ্রাধিকার, তাই রেল নিরাপত্তা উন্নত করার ব্যবস্থা গ্রহণ করার পূর্বে আমরা আরো একটি দুর্ঘটনার অপেক্ষা করতে পারি না," **গভর্নর হোকল বলেন।** "গত সপ্তাহের মন্টগোমারি কাউন্টির লাইনচ্যুতির ঘটনায় সৌভাগ্যবশত কেউ আহত হয়নি বা কিছু ছড়িয়ে পড়েনি কিন্তু এটি ফেডারেল সরকার ও ফ্রেইট রেল শিল্পখাতের পদক্ষেপ গ্রহণ এবং বাসিন্দা এবং পরিবেশ উভয়কে রক্ষা করার নিদারুণ প্রয়োজনকে প্রদর্শন করেছে।"

গভর্নর হোকল ফ্রেইট রেল শিল্পখাত, কংগ্রেস ও ফেডারেল নিয়ন্ত্রকদের বিশেষ করে নিম্নের ব্যবস্থাগুলি গ্রহণ করার আহ্বান জানিয়েছেন:

- কংগ্রেসনালভাবে বাধ্যতামূলক নির্ধারিত সময় 2029 সালের পূর্বেই বিপজ্জনক উপাদানের জন্য নিরাপদতর ট্যাংক কারের (DOT 117's) ফেজ-ইন ত্বরান্বিত করা।
- সম্ভাব্য রেল লাইনচ্যুতি ঠেকাতে ব্রেকিং নিয়ন্ত্রক আধুনিক করা এবং বৈদ্যুতিকভাবে নিয়ন্ত্রিত নিউম্যাটিক ব্রেকের (electronically controlled pneumatic brakes, ECP) ব্যবহার বৃদ্ধি করা।
- স্টেটের জরুরি সাড়াদান দলকে স্টেটের মধ্যে দিয়ে হাজার্ড কার যাওয়ার ব্যাপারে পূর্বেই জানানো রেলরোডগুলির জন্য আবশ্যিক করা
- হাজারমাত প্রস্তুতি ও সাড়াদান পরিকল্পনার জন্য বিশেষ স্টেট ও স্থানীয় অনুদান সম্প্রসারিত করা।

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের (New York State Department of Transportation, NYSDOT) কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "গুরুত্বপূর্ণ এই নিরাপত্তা ব্যবস্থার জন্য বহুমুখী পদক্ষেপের জন্য গভর্নরের অব্যাহত আহ্বানের আমি প্রশংসা করছি। আমরা সকলেই উপলব্ধি করতে পারছি যে রেল নিরাপত্তা উন্নত করা নিউ ইয়র্ক স্টেটের একার পক্ষে সম্ভব নয়, এর জন্য ফ্রেইট রেল শিল্পখাতে আমাদের অংশীদার এবং ফেডারেল সরকারকে আমাদের সাথে একত্রে কাজ করতে হবে যাতে এই গুরুত্বপূর্ণ নিরাপত্তা লক্ষ্যগুলি অর্জন করা সম্ভব হয়। নিউ ইয়র্ক স্টেটের রেল নিরাপত্তা জোরদার করা হলে তা আমাদের সম্প্রদায় এবং পরিবেশকে আর সুরক্ষিত করতে সাহায্য করবে, রেল সংঘর্ষের সংখ্যা ও তীব্রতা হ্রাস করবে, আমরা এইসব ফল অর্জন করতে ইচ্ছুক।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (New York State Department of Environmental Conservation, DEC) কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "গভর্নর হোকল উপলব্ধি করেছেন যে ইস্ট প্যালেস্টাইনের মতো জনস্বাস্থ্য ও পরিবেশ সংক্রান্ত দুর্যোগ প্রতিরোধ করার সবথেকে নিরাপদ উপায় হলো প্রথমে লাইনচ্যুতি বন্ধ করা। জাতীয় পর্যায়ে অতিরিক্ত রেল শিল্পখাতের উন্নয়নের সন্ধানে তার সদা সতর্ক অবস্থার DEC প্রশংসা করেছে এবং আমাদের ফেডারেল, স্টেট, ও স্থানীয় অংশীদারদের সাথে কাজ করে সম্প্রদায়সমূহকে সুরক্ষাদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ আছে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের (New York State Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "রেলরোডজুড়ে বিপজ্জনক উপাদানের দুর্ঘটনা নিউ ইয়র্ক এবং পুরো দেশে অনেক বেশি হয়ে থাকে। গত সপ্তাহের মন্টগোমারি কাউন্টির লাইনচ্যুতির ঘটনায় বিপজ্জনক ও দুর্যোগ সাড়াদানে প্রশিক্ষিত DHSES এর অভিজ্ঞ ব্যক্তির সাড়াদান করেছে, যেখানে সৌভাগ্যবশত কেউ আহত হয়নি। গভর্নর হোকলের প্রস্তাবিত সাধারণ বুদ্ধির ব্যবস্থাগুলি নিঃসন্দেহে সামনের দিনে সকলের জন্য আরো নিরাপদ একটি পরিবেশ তৈরি করবে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "মন্টগোমারি কাউন্টির লাইনচ্যুতির ঘটনায় কেউ আহত হয়নি বলে আমি কৃতজ্ঞ, কিন্তু পুনরায় এরকম হওয়া প্রতিরোধ করতে আমাদেরকে অবশ্যই ব্যবস্থা গ্রহণ করতে হবে। ব্যবস্থা গ্রহণ করা ও নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য ফেডারেল সরকার ও ফ্রেইট শিল্পখাতকে চাপ প্রদানের ব্যাপারে আমি গভর্নর হোকলের প্রয়াসকে সমর্থন করছি।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)